

সম্পাদকের পক্ষ থেকে:

সর্বপ্রথমে আমরা তাদেরকে আমাদের আন্তরিক শুভেচ্ছা জানাই যারা বিগত দুই থেকে তিন মাস যাবৎ আমাদের সঙ্গে বিভিন্ন পরিসরে জড়িত রয়েছেন। এই সংগঠনটি গড়ে তোলার প্রাথমিক পর্যায়ের প্রতিকূলতা উত্তরণে নিঃসন্দেহে আপনাদের সকলের অবদান অনস্বীকার্য।

জাগরী সাময়িকীর এই প্রথম সংস্করণে আমরা আপনাদের জন্য আমাদের গত ৩ মাসের পথযাত্রার কিছু উল্লেখযোগ্য অংশ তুলে ধরার চেষ্টা করেছি। আশা করছি ভবিষ্যতে আপনাদেরকে আমাদের যাত্রায় সঙ্গী হিসেবে আরো কাছে পাবো।

এখন পর্যন্ত যা হয়েছে:

নাম

দীর্ঘ আলোচনা, বিতর্ক, এবং অসংখ্য সম্ভাব্য নাম বিবেচনার পর আমরা চূড়ান্তভাবে ‘জাগরী’ নামটি বেছে নিয়েছি। এই স্বল্প পরিচিত বাংলা শব্দটির আভিধানিক অর্থ হলো “জাগরণকারী, জাগিয়ে দেয় এমন, নিদ্রাহীন, জাগরীত”। আমরা মনে করি এ শব্দটি আমাদের প্রয়াসকে সঠিকভাবে সজ্জায়িত করে।



বাজেট বিশ্লেষণী আলোচনা

১৬ জুন ২০০৮



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের দলটি জন্মবামু পরিবর্তন বিষয়ে তাদের বাজেট পর্যালোচনা

উদ্বোধন করছেন

আমাদের প্রথম অনুষ্ঠানটি ছিলো ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত বাজেট বিশ্লেষণী আলোচনা, যদিও জাগরী তখনো আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করেনি। ১৬ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা অনুশদের সেমিনার কক্ষে আয়োজিত এই সিম্পোজিয়াম-এ বিভিন্ন সরকারি, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সাতটি দলকে আমন্ত্রণ জানানো হয়। বিশ্ববিদ্যালয়গুলো ছিলো: ঢাকা বিশ্ববিদ্যালয়, ব্যবসা প্রশাসন ইন্সটিটিউট (আইবিএ), ব্রাক বিশ্ববিদ্যালয় এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস (ইউল্যাব)। শিক্ষার্থীরা প্রস্তাবিত বাজেট সম্পর্কে তাদের বিশ্লেষণ উপস্থিত অংশগ্রহণকারীদের সামনে উপস্থাপন করেন। বিশ্লেষণের বিষয়গুলোর মধ্যে

ছিল - শক্তি, স্বাস্থ্য, বাজেট ঘাটতি, কর্মসংস্থান এবং জলবায়ু পরিবর্তন। এছাড়া সাংবাদিক, শিক্ষক, রাজনীতিবিদসহ বিভিন্ন মহলের চারজনের সমন্বয়ে গঠিত প্যানেল আলোচকরাও তাদের মতামত ও বিশ্লেষণ উপস্থাপন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের প্রভাষক জনাব তাহমিনা খানম অনুষ্ঠানটি সঞ্চালন করেন। বাংলাদেশের সামাজিক ও রাজনৈতিক বিবর্তনের একটি ব্যতিক্রমধর্মী অনলাইন সংগ্রহশালা ‘প্রোফাইল অফ বেঙ্গল’-এর পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠানটি আয়োজিত হয়।

শালনা সভা

১১ জুলাই ২০০৮

অগণিত শুভাকাঙ্ক্ষীর সঙ্গে আলোচনার সর্বোচ্চ প্রচেষ্টা হিসেবে আমরা গাজীপুরের শালনায় দিনভর আলোচনা সভার আয়োজন করেছিলাম। বিখ্যাত সাংবাদিক এবং প্রোফাইল অফ বেঙ্গলের প্রতিষ্ঠাতা জনাব মুয়িদুল হাসান-এর সর্বাঙ্গিক সহযোগিতায় তার রেস্ট হাউজে এই সভাটি অনুষ্ঠিত হয়।



পরিচয় পর্বের মধ্য দিয়েই দিনটির শুরু। এতে রাজনীতিবিদ, সাংবাদিক, গবেষণা ও উন্নয়ন কর্মী, ব্যবসায়িক প্রতিনিধি এবং সাম্প্রতিক গ্রাজুয়েটসসহ বিশ জনের ওপরে অংশগ্রহণ করেন। এই কর্মসূচির (সংগঠনের) ধারণাটি নিয়ে পুনরায় আলোচনা হয় এবং পরবর্তীতে ব্যাপক তথ্য ও মত আদান-প্রদান করা হয়। অতঃপর অংশগ্রহণকারীগণ নিজেদেরকে বিভিন্ন দলে বিভক্ত করেন এবং সংগঠনের বিভিন্ন দিক ও কৌশল নিয়ে আলোচনা করেন।



বিভিন্ন নতুন চিন্তার এবং নিজেদেরকে মেলে ধরার মধ্য দিয়ে সফল ও চমৎকার একটি দিন অতিবাহিত হয়।

ব্লগ

সম্প্রতি ‘জাগরী’ অনলাইনেও তার উপস্থিতি জানিয়ে দিয়েছে। জাগরীর ব্লগটি পরিদর্শন করা যাবে এই ঠিকানায় - <http://blog.jagoree.org>। ব্লগটিতে বাংলা ও ইংরেজীতে তথ্য ও মতামত উপস্থাপনের সুযোগ রয়েছে। তরুণ-তরুণীরা, যারা রাজনীতি সম্পর্কে সচেতন হয়ে উঠতে চায় এবং রাজনীতি নিয়ে তাদের চিন্তাধারাকে প্রকাশ করতে চায় তাদের জন্য একটি ক্ষেত্র সৃষ্টি করাই এ ব্লগটির লক্ষ্য।

নির্বাহি কমিটি গঠন

প্রাথমিক সময়কালের কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য উদ্যোক্তারা ছয় সদস্যবিশিষ্ট একটি নির্বাহি কমিটি গঠন করেছে। অন্যদের সাথে নিয়ে এ কমিটির আকাজক্ষা হলো সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের (প্রাথমিক পর্যায়ে ঢাকা ও ঢাকার আশে-পাশের) শিক্ষার্থীদেরকে যুক্ত করে একটি সহায়ক যুব সংগঠন গড়ে তোলা।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সাথে আলোচনা

জাগ্রত ও সচেতন যুব শিক্ষার্থীদের ‘জাগরী’র সাথে সম্পৃক্ত করার উদ্দেশ্য নিয়ে কিছু অনানুষ্ঠানিক আলোচনা সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। ধারাবাহিকভাবে আয়োজিত এ আলোচনার প্রথমটি ব্রাক বিশ্ববিদ্যালয়ে গত ০৮ জুন ১২ জন শিক্ষার্থীকে নিয়ে অনুষ্ঠিত হয়। ১৩ ও ১৪ জুন পর্যায়ক্রমিকভাবে জাহাঙ্গিরনগর বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ আলোচনা অনুষ্ঠিত হয়। দুই ঘণ্টাব্যাপী এ আলোচনাগুলিতে শিক্ষার্থীরা বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে রাজনীতি নিয়ে তাদের নিজস্ব চিন্তা-ভাবনা, ধ্যান-ধারণা ব্যক্ত করে। একইসাথে তারা এ অবস্থা পরিবর্তনে তাদের ভূমিকা কি হওয়া উচিত তা নিয়েও আলোচনা করে। এছাড়া তারা ‘জাগরী’ এবং এতে সম্পৃক্ত হবার উপায় সম্পর্কে জানবার সুযোগ পায়। এ সকল আলোচনা অত্যন্ত অর্থপূর্ণভাবে সম্পাদিত হয় এবং শিক্ষার্থীদের মাঝে ‘জাগরী’ সম্পর্কে আরো আগ্রহ সৃষ্টি করে। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যে সকল দৃষ্টিভঙ্গি এবং বাস্তবতাসমূহ ধারণ ও লালন করে তা সম্পর্কে একটি ধারণা নেবার বিষয়েও আলোচনাগুলি সহায়ক হয়েছে।

আসন্ন কর্মসূচিসমূহ

- বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষার্থীদের নিয়ে একটি বিশেষ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে আগামী ২৯ জুলাই। যেখানে অনানুষ্ঠানিকভাবে ‘জাগরী’ কে সকলের সামনে পরিচিত করানো হবে এবং একইসাথে গভীরভাবে আলোচনা করে কিছু পরিকল্পনা গ্রহণ করা হবে।
- পরবর্তী দুই সপ্তাহে ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ইউল্যাব, নর্থ সাউথ ইউনিভার্সিটি, এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে (অন্য একটি দলের সাথে) আলোচনা আয়োজন করার পরিকল্পনা রয়েছে।

ধন্যবাদান্তে,

‘জাগরী’ কমিটি

(বিধান, মায়্যা, মাহরুখ, মুনির, রিতু, রুবায়াত এবং সাঞ্জান)

যোগাযোগ

মোবাইল: ০১৮১১৯৯১২৩ অথবা ইমেইল করুন: jagoree.bd@gmail.com

‘জাগরী’ পরিচয় এবং লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কিত তথ্য:

<http://blog.jagoree.org/about/>